ইত্তেফাক

তারিখ ২/১০/৮১
পৃষ্ঠা ... কলাম ...

২৭০

038

# প্রাথমিক শিক্ষকদের চাকুরী সম্পর্কে সরকারী প্রেসনোট

গতকাল (বৃহস্পতিবার) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়ঃ গত ৩০শে সেপটেম্বর প্রাথমিক শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ও সম্পাদকের নামে সংবাদপত্রে প্রকাশিত একটি বিবৃতিতে দাবী করা হইয়াছে যে, উক্ত সমিতির সাথে সরকারের সম্পাদিত চুক্তি বাস্তবায়িত হয় নাই এবং প্রাথমিক শিক্ষকদের চাকুরী পুনরায় বেসরকারী করার উদ্দেশ্যে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদকে গ্রেফতার করা হইয়াছে।

এ প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, প্রাথমিক শিক্ষক সমিতির সাথে ৬ই মার্চের চুক্তি অনুযায়ী প্রাথমিক শিক্ষকগণের সরকারী চাকুরী বহাল রাখিয়া প্রাথমিক শিক্ষা আইন, ১৯৮১ জাতীয় সংসদ

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সরকারী প্রেসনোট

(১ম পৃঃ পর)

কর্তৃক পাস হইয়াছে এবং এই আইন বাস্তবায়ন করার বিভিন্ন প্রারম্ভিক আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হইতেছে। ইহা ছাড়াও প্রাথমিক শিক্ষকদের সরকারীকরণের পূর্বকালীন চাকুরীকালের অর্ধেক সরকারী চাকুরী হিসাবে গণ্য করিয়া তাঁহাদের পেনশন ও গ্রাচুইটি প্রদান সংক্রান্ত নির্দেশও ইতিমধ্যে জারি করা হইয়াছে।

সরকার স্পষ্টভাবে জানাইয়া দিতে চান যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারী কর্মচারী থাকিবেন এবং তাঁহাদের চাকুরী বেসরকারী করার কোন ইচ্ছাই সরকারের নাই।